


বুয়েট ভর্তি পরীক্ষায় দেশসেরা গজারিয়ার আকিফ

ইত্তেফাক ডিজিটাল রিপোর্ট

প্রকাশ : ০১ ফেব্রুয়ারি ২০২৬, ১৩:১২



রাদওয়ান রিদভী আকিফ

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) ২০২৫-২৬ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষায় জাতীয় মেধা তালিকায় প্রথম স্থান অর্জন করেছেন মুন্সিগঞ্জের গজারিয়া উপজেলার কৃতি সন্তান রাদওয়ান রিদভী আকিফ। সারা দেশের হাজারো মেধাবী শিক্ষার্থীকে পেছনে ফেলে এই অনন্য সাফল্য অর্জনের মধ্য দিয়ে তিনি নিজের প্রতিভার স্বাক্ষর রাখলেন।

 [দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন](#)

বুধবার (২৮ জানুয়ারি) রাতে বুয়েট কর্তৃপক্ষ ফলাফল প্রকাশ করলে আকিফের এই অসাধারণ সাফল্যের খবর দ্রুত ছড়িয়ে পড়ে। এতে আনন্দ আর গর্বে ভাসছে গজারিয়াসহ পুরো মুন্সিগঞ্জ জেলা।

আকিফ গজারিয়া উপজেলার ভবেরচর ইউনিয়নের লক্ষ্মীপুরা গ্রামের বাসিন্দা। তিনি রাজধানীর ঐতিহ্যবাহী নটর ডেম কলেজ থেকে উচ্চমাধ্যমিক শিক্ষা সম্পন্ন করেন। তার এই সাফল্যকে সামাজিক যোগাযোগমাধ্যমে অনেকেই ‘বিক্রমপুরের গর্ব’ বলে অভিহিত করছেন।

নিজের অনুভূতি প্রকাশ করে আকিফ বলেন, ‘বুয়েটের মতো দেশের সর্বোচ্চ প্রকৌশল শিক্ষাপ্রতিষ্ঠানে প্রথম হওয়া আমার জীবনের সবচেয়ে বড় অর্জনগুলোর একটি। টানা দুই বছরের কঠোর পরিশ্রম এবং সৃষ্টিকর্তার অশেষ কৃপা ছাড়া এই সাফল্য সম্ভব হতো না।’

চলতি বছর বুয়েটের প্রকৌশলসহ বিভিন্ন বিভাগে মোট ১ হাজার ৩০৯টি আসনের বিপরীতে ভর্তি পরীক্ষায় অংশ নেন ৯ হাজার ৫১ জন শিক্ষার্থী। গত ১০ জানুয়ারি অনুষ্ঠিত পরীক্ষায় উপস্থিতির হার ছিল ৮৭ দশমিক ৪৪ শতাংশ। পরীক্ষার্থীদের মধ্যে ছাত্র ছিলেন ৭ হাজার ৬৪৪ জন এবং ছাত্রী ২ হাজার ৭০৭ জন। এই প্রতিযোগিতামূলক পরীক্ষায় সবাইকে পেছনে ফেলে শীর্ষস্থানে উঠে আসেন আকিফ।

স্থানীয়দের মতে, আকিফের এই কৃতিত্ব গজারিয়ার শিক্ষার্থীদের জন্য নতুন করে স্বপ্ন দেখার অনুপ্রেরণা হয়ে থাকবে। তারা আশা প্রকাশ করেন, তার এই সাফল্য আগামী দিনে আরও অনেক শিক্ষার্থীকে মেধা ও পরিশ্রমে এগিয়ে যেতে উৎসাহিত করবে।